CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2024/TDC (CBCS)/EVEN/SEM/**
**BNGHCC–402T/406**

**TDC (CBCS) Even Semester Exam., 2024**

# BENGALI

**( 4th Semester )**

Course No. : BNGHCC–402T

( রবীন্দ্র সাহিত্য )

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## UNIT—I

১। নিচে উল্লিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'সোনার তরী' কাব্যগ্রন্থের সর্বশেষ কবিতার নাম কী? 'সোনার তরী' কাব্যগ্রন্থের প্রকাশকাল কত?

(খ) "গগনে গরজে মেঘ, ঘন বরষা"—কোন্ কবিতার অন্তর্গত? 'সোনার তরী' কাব্যে কোন্ বাংলা মাসের কথা উল্লেখ করা হয়েছে?

(গ) শূন্যস্থান পূর্ণ করো :

"দেবতারে প্রিয় করি _____ _____ ।"

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'সোনার তরী' কবিতার নামকরণের প্রেক্ষাপট আলোচনা করে এর গুরুত্ব ও ভূমিকা কী, বোঝাও।

(খ) 'সোনার তরী' কাব্যগ্রন্থের 'নিরুদ্দেশ যাত্রা' কবিতাটির তাৎপর্য সংক্ষেপে বিবৃত করো।

UNIT—II

৩। নিচে উল্লিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'যোগাযোগ' উপন্যাসটি প্রথম কোন্ পত্রিকায়, কত সালে ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল?

(খ) 'যোগাযোগ' উপন্যাসে মধুসূদনের বাবার নাম কী ছিল? ''বড়ো বউ, ঘর যে অন্ধকার! এখনো আলো জ্বালবে না?'' এই বড়ো বউ কে ছিলেন?

(গ) বিপ্রদাস কে? সে কোন্ বাদ্যযন্ত্র বাজাতো?

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) বিষয়বস্তু আলোচনা করে 'যোগাযোগ' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) 'যোগাযোগ' উপন্যাস অবলম্বনে কুমুদিনী চরিত্রটি বিশ্লেষণ করো।





UNIT—III

৫। নিচে উল্লিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'মুক্তধারা' নাটকে পার্বত্য প্রদেশটির নাম কী? সেখানকার মন্দিরের দেবতার নাম কী?

(খ) 'মুক্তধারা' নাটকে বিভূতি কত বছর ধরে তাঁর যন্ত্র তৈরি করেছেন? সেই যন্ত্রের কাজ কী ছিল?

(গ) উত্তরকূটের রাজা কে ছিলেন? ওই রাজ্যের যুবরাজের নাম কী?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'মুক্তধারা' নাটক অবলম্বনে ধনঞ্জয় চরিত্রটি আলোচনা করো।

(খ) ''মুক্তধারা নাটকে সমস্ত দৃশ্য রূপায়িত হয়েছে পথের উপর। এই পথ জীবনের নিরন্তর অগ্রসর হওয়া অবিরাম চলার প্রতীক।'' এই উক্তির আলোকে নাটকটি পর্যালোচনা করো।

UNIT—IV

৭। নিচে উল্লিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) ''পরকে আপন করিতে ——— প্রয়োজন।'' শূন্যস্থান পূর্ণ করো। এই প্রয়োজনটি কোন্ দেশে দেখা যায় বলে রবীন্দ্রনাথ উল্লেখ করেছেন?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



(খ) 'উৎসবের দিন' প্রবন্ধটি রবীন্দ্রনাথের কোন্ প্রবন্ধ-সংকলন গ্রন্থের অন্তর্গত? মানুষের উৎসব কবে সংঘটিত হয় বলে প্রাবন্ধিক উল্লেখ করেছেন?

(গ) 'শিক্ষার মিলন' প্রবন্ধটি বাংলা কত সনে রচিত? প্রবন্ধটিতে যে সংস্কৃত শ্লোকের উদ্ধৃতি দেওয়া হয়েছে সেগুলো কোন্ গ্রন্থ থেকে গৃহীত?

৮। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) "জগতের যেখানে অব্যাহত শক্তির প্রচুর প্রকাশ, সেইখানেই যেন মূর্তিমান উৎসব।" 'সংকলন' গ্রন্থের অন্তর্ভুক্ত 'উৎসবের দিন' প্রসঙ্গে আলোচনা করো।

(খ) "আমাদের দেশের বিদ্যানিকেতনকে পূর্ব-পশ্চিমের মিলন নিকেতন করে তুলতে হবে, এই আমার অন্তরের কামনা।" কোন্ প্রসঙ্গে রবীন্দ্রনাথ এ কথা বলেছেন? বিষয়টি 'শিক্ষার মিলন' প্রবন্ধ অবলম্বনে বিবৃত করো।

## UNIT—V

৯। নিচে উল্লিখিত যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) রবীন্দ্রনাথ 'জীবনস্মৃতি'র 'শিক্ষারম্ভ' অধ্যায়ে কতজন বালকের একসঙ্গে মানুষ হওয়ার কথা বলেছেন? লেখকের জীবনে আদিকবির প্রথম কবিতা কী ছিল?

(খ) "আমি মরিয়া যাহা জানিয়াছি আপনারা বাঁচিয়াই তাহা ফাঁকি দিয়া জানিতে চান?" উক্তিটি কার? চাকরদের মহলে প্রচলিত যে প্রধান বইগুলোর দ্বারা রবীন্দ্রনাথের সাহিত্যচর্চার সূত্রপাত হয় সেগুলোর নাম কী?

(গ) রবীন্দ্রনাথের শিক্ষাজীবনের যে কোনো দুটি স্কুলের নাম লেখো।





১০। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) "স্মৃতির পটে জীবনের ছবি কে আঁকিয়া যায় জানি না। কিন্তু যেই আঁকুক সে ছবিই আঁকে।" রবীন্দ্রনাথের 'জীবনস্মৃতি' অবলম্বনে নাতিদীর্ঘ আলোচনা করো।

(খ) 'আত্মজীবনী' হিসেবে 'জীবনস্মৃতি'র গুরুত্ব কতটুকু, আলোচনা করো।

★ ★ ★



2024/TDC (CBCS)/EVEN/SEM/
BNGHCC–402T/406